একনেকে সাড়ে ১৩ হাজার কোটি টাকার ১৪ প্রকল্প অনুমোদন

সংগৃহীত ছবি

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় ১৩ হাজার ৪৪৫ কোটি ৪১ লাখ টাকার ব্যয়ে মোট ১৪টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ৫টি নতুন, ৫টি সংশোধিত এবং ৪টি চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

রোববার (২৬ এপ্রিল) সচিবালয়ে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন তারেক রহমান। উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীসহ সংশ্লিষ্ট মন্ত্রী ও ঊর্ধ্বতন কর্মকর্তারা।

একনেক সূত্রে জানা যায়, অনুমোদনের জন্য মোট ১৭টি প্রকল্প উপস্থাপন করা হলেও ১৪টি চূড়ান্তভাবে অনুমোদন পায়। প্রকল্পগুলোর অর্থায়নে সরকারি তহবিল থেকে ৮ হাজার ৮৯ কোটি ৫৬ লাখ টাকা, বিদেশি ঋণ ৫ হাজার ৩৪০ কোটি ২৬ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থ ১৫ কোটি ৫৯ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।

অনুমোদিত প্রকল্পগুলো স্বাস্থ্য, স্থানীয় সরকার, সড়ক পরিবহন, রেলওয়ে, মৎস্য ও কাস্টমসসহ বিভিন্ন খাতে বাস্তবায়িত হবে। এর মধ্যে সড়ক খাতের কয়েকটি প্রকল্পে একাধিকবার মেয়াদ বাড়ানো হলেও কাঙ্ক্ষিত অগ্রগতি না হওয়ায় প্রশ্ন উঠেছে।

বিশেষ করে বরিশাল ও পটুয়াখালী অঞ্চলের কয়েকটি সড়ক ও সেতু প্রকল্পে বারবার সময় বৃদ্ধি নিয়ে অসন্তোষ দেখা দিয়েছে। বিষয়টি পর্যালোচনায় মন্ত্রিপরিষদ সচিবকে আহ্বায়ক করে তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।

সভা শেষে পরিকল্পনা মন্ত্রণালয় এ তথ্য জানায়।